রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ১৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৯, ২০১৯

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২২৭—২৩৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪৮৫—৫১৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৩৯—১৪১ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৩৩৭—২৩৭৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৯ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### প্রধানমন্ত্রীর কার্যালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৭ এপ্রিল ২০১৯/২৪ চৈত্র ১৪২৫

**নং ০৩.০৭৬.০৪৬.১৯.০০.০৩২.২০১৬-৯২**—গত ৭ মার্চ ২০১৯ তারিখে সৌদি আরবের বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক মন্ত্রী এবং অর্থ ও পরিকল্পনা মন্ত্রীর নেতৃত্বে উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের বাংলাদেশ সফরকালে গৃহীত সিদ্ধান্তের আশু ফলো-আপ এর লক্ষ্যে নিম্নরূপভাবে উচ্চ পর্যায়ের একটি মনিটরিং কমিটি গঠন করা হইল :-

| | | |
|---|---|---|
| (ক) | মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | সভাপতি |
| (খ) | মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (ঘ) | মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| (ঙ) | মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা | সদস্য |
| (চ) | মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (ছ) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |
| (জ) | মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) | সদস্য |
| (ঝ) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) | -সদস্য সচিব |

২। কমিটির প্রয়োজনে যে কোনো সংখ্যক সদস্য কো-অপ্ট করিবার অধিকার সংরক্ষণ করিবে এবং সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

**নং ০৩.০৭৬.০৪৬.১৯.০০.০৩২.২০১৬-৯৩**—গত ৭ মার্চ ২০১৯ তারিখে সৌদি আরবের বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক মন্ত্রী এবং অর্থ ও পরিকল্পনা মন্ত্রীর নেতৃত্বে উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের বাংলাদেশ সফরকালে গৃহীত সিদ্ধান্তের আশু ফলো-আপ এর লক্ষ্যে নিম্নরূপভাবে একটি নির্বাহী মনিটরিং কমিটি গঠন করা হইল :-

| | | |
|---|---|---|
| (ক) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সভাপতি |
| (খ) | মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) | সদস্য |

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| | | |
|---|---|---|
| (গ) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) | সদস্য |
| (ঘ) | পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (ঙ) | সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (চ) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (ছ) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (জ) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (ঝ) | সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (ঞ) | সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| (ট) | সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| (ঠ) | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণলয় | সদস্য |
| (ড) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (ঢ) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (ণ) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (ত) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) | সদস্য |
| (থ) | প্রধান নির্বাহী কর্মকর্তা, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ | সদস্য |

২। কমিটির প্রয়োজনে যে কোনো সংখ্যক সদস্য কো-অপ্ট করিবার অধিকার সংরক্ষণ করিবে এবং সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশারফ হোসেন**
পরিচালক-৯।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি অনুবিভাগ**
**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ মার্চ ২০১৯/১৩ চৈত্র ১৪২৫

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৭.৬৮**—ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIES AND DIVISIONS (Schedule I of The Rules of Business, 1996) (Revised up to April 2017) এর Ministry of Public Administration অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক ৩১ মার্চ, ২০১৯ তারিখ রবিবার ৫ম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে (৪র্থ পর্যায়) নিম্নে উল্লিখিত নির্বাচনি এলাকায় ভোট গ্রহণের দিন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে নির্বাচনকালীন (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি কোনো পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে এ শর্তে) সাধারণ ছুটি ঘোষণা করা হলো :

| ক্রমিক নং | জেলার নাম | ৫ম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন (৪র্থ পর্যায়) সংশ্লিষ্ট উপজেলার নাম |
|---|---|---|
| ১. | পটুয়াখালী | ১. পটুয়াখালী সদর ২. দশমিনা ৩. গলাচিপা ৪. কলাপাড়া ৫. মির্জাগঞ্জ ৬. দুমকী ৭. বাউফল |
| ২. | ভোলা | ৮. দৌলতখান ৯. তজুমদ্দিন ১০. লালমোহন |
| ৩. | বরগুনা | ১১. বরগুনা সদর ১২. আমতলী ১৩. বেতাগী ১৪. বামনা ১৫. পাথরঘাটা |
| ৪. | পিরোজপুর | ১৬. পিরোজপুর সদর ১৭. ইন্দুরকানী ১৮. মঠবাড়ীয়া ১৯. কাউখালী ২০. ভান্ডারিয়া ২১. নেছারাবাদ ২২. নাজিরপুর |
| ৫. | যশোর | ২৩. যশোর সদর ২৪. বাঘারপাড়া ২৫. ঝিকরগাছা ২৬. চৌগাছা ২৭. অভয়নগর ২৮. মনিরামপুর ২৯. কেশবপুর |
| ৬. | খুলনা | ৩০. দিঘলিয়া ৩১. কয়রা ৩২. দাকোপ ৩৩. পাইকগাছা ৩৪. রূপসা ৩৫. তেরখাদা ৩৬. ফুলতলা ৩৭. বটিয়াঘাটা ৩৮. ডুমুরিয়া |
| ৭. | বাগেরহাট | ৩৯. বাগেরহাট সদর ৪০. মোংলা ৪১. মোরেলগঞ্জ ৪২. চিতলমারী ৪৩. কচুয়া ৪৪. রামপাল ৪৫. ফকিরহাট ৪৬. মোল্লাহাট ৪৭. শরণখোলা |
| ৮. | ময়মনসিংহ | ৪৮. ময়মনসিংহ সদর ৪৯. হালুয়াঘাট ৫০. ধোবাউড়া ৫১. ফুলপুর ৫২. ঈশ্বরগঞ্জ ৫৩. ফুলবাড়ীয়া ৫৪. ত্রিশাল ৫৫. গৌরীপুর ৫৬. নান্দাইল ৫৭. মুক্তাগাছা ৫৮. ভালুকা |
| ৯. | নরসিংদী | ৫৯. নরসিংদী সদর |
| ১০. | মুন্সীগঞ্জ | ৬০. মুন্সীগঞ্জ সদর ৬১. সিরাজদিখান ৬২. লৌহজং ৬৩. শ্রীনগর ৬৪. টংগিবাড়ী ৬৫. গজারিয়া |
| ১১. | নারায়ণগঞ্জ | ৬৬. আড়াইহাজার ৬৭. সোনারগাঁ ৬৮. রূপগঞ্জ |
| ১২. | ঢাকা | ৬৯. ধামরাই ৭০. দোহার ৭১. নবাবগঞ্জ |
| ১৩. | টাঙ্গাইল | ৭২. টাঙ্গাইল সদর ৭৩. ধনবাড়ী ৭৪. মধুপুর ৭৫. মির্জাপুর ৭৬. দেলদুয়ার ৭৭. নাগরপুর ৭৮. ঘাটাইল ৭৯. ভূঞাপুর ৮০. কালিহাতী ৮১. গোপালপুর ৮২. বাসাইল ৮৩. সখিপুর |
| ১৪. | কুমিল্লা | ৮৪. তিতাস ৮৫. বরুড়া ৮৬. চান্দিনা ৮৭. মুরাদনগর ৮৮. বুড়িচং ৮৯. ব্রাহ্মণপাড়া ৯০. মেঘনা ৯১. হোমনা |
| ১৫. | নোয়াখালী | ৯২. বেগমগঞ্জ ৯৩. সেনবাগ ৯৪. সোনাইমুড়ী ৯৫. কবিরহাট ৯৬. সুবর্ণচর ৯৭. চাটখিল |
| ১৬. | ব্রাহ্মণবাড়িয়া | ৯৮. ব্রাহ্মণবাড়িয়া সদর ৯৯. সরাইল ১০০. আখাউড়া ১০১. আশুগঞ্জ ১০২. নাসিরনগর ১০৩. নবীনগর |
| ১৭. | ফেনী | ১০৪. ফেনী সদর ১০৫. ফুলগাজী ১০৬. সোনাগাজী ১০৭. দাগনভূঁঞা ১০৮. ছাগলনাইয়া |

| ক্রমিক নং | জেলার নাম | ৫ম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন (৪র্থ পর্যায়) সংশ্লিষ্ট উপজেলার নাম |
|---|---|---|
| ১৮. | কক্সবাজার | ১০৯. কক্সবাজার সদর |
| ১৯ | দিনাজপুর | ১১০. দিনাজপুর সদর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহফুজা আকতার**
উপসচিব।

---

## চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৫ ফাল্গুন ১৪২৫/১৭ ফেব্রুয়ারি ২০১৯

**নং ০৫.০০.০০০০.১৪৬.০১.০২০.১৭.৮০**—অবসর-উত্তর ছুটি ভোগরত কর্মকর্তা শেখ আজিজুল হক-কে তাঁর অভোগকৃত অবসর-উত্তর ছুটি বাতিলের শর্তে যোগদানের তারিখ থেকে পরবর্তী ২(দুই) বছর মেয়াদে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। এ নিয়োগের শর্তাবলী অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৬ ফাল্গুন ১৪২৫/১৮ ফেব্রুয়ারি ২০১৯

**নং ০৫.০০.০০০০.১৪৬.০০.০৩১.১৭.৮১**—অবসর-উত্তর ছুটি ভোগরত কর্মকর্তা জনাব তারেক এম বরকতউল্লাহ-কে তাঁর অভোগকৃত অবসর-উত্তর ছুটি বাতিলের শর্তে ০৭ ফেব্রুয়ারি ২০১৯ অথবা যোগদানের তারিখ থেকে পরবর্তী ২(দুই) বছর মেয়াদে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) পরিচালক (সিএ অপারেশন ও নিরাপত্তা) পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। এ নিয়োগের শর্তাবলী অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.০০.০০০০.১৪৬.০১.০২২.১৭.৮২**—জনাব শরদিন্দু সরকার (স্বপন হাজং)-কে অন্যান্য প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে পরবর্তী ২(দুই) বছর মেয়াদে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা এর পরিচালক পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। এ নিয়োগের শর্তাবলী অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এবিএম ইফতেখারুল ইসলাম খন্দকার**
উপসচিব।

## কৃষি মন্ত্রণালয়

### সম্প্রসারণ-৩ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১৯ চৈত্র ১৪২৫/০২ এপ্রিল ২০১৯

**নং ১২.০৫৪.০০৬.০১.০০.০১৯.২০১০-১১৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৫-১৪০৪/২১-০৮-১৯৯৭ তারিখের সম/সওবা/টিম-৪(২)উঃপ্রঃ৪৭/৯৭-১৮৮ সংখ্যক প্রজ্ঞাপনের প্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক বাস্তবায়নাধীন “বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের ১ হতে ১০ নম্বর বেতন গ্রেডের জনবল নিয়োগের নিয়োগকারী কর্তৃপক্ষ কৃষি সচিব এবং উন্নয়ন প্রকল্পের ১১ হতে ২০ নম্বর গ্রেডের জনবল নিয়োগের নিয়োগকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক। সে প্রেক্ষিতে নিম্নরূপভাবে দুটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

বীজ প্রত্যয়ন এজেন্সীর বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের ১ হতে ১০ নম্বর বেতন গ্রেডের জনবল নিয়োগের জন্য সচিব মহোদয়ের নিকট সুনির্দিষ্ট সুপারিশ পেশ করার লক্ষ্যে ১ নম্বর নিয়োগ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

| ক্রম | কমিটি | মন্তব্য |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর | সদস্য |
| ৩. | অতিরিক্ত পরিচালক (প্রশাসন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৪. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সম্প্রসারণ-৩), কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | উপপরিচালক (প্রশাসন), বীজ প্রত্যয়ন এজেন্সী | সদস্য |
| ৬. | প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প | সদস্য-সচিব |

২। বীজ প্রত্যয়ন এজেন্সীর বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের ১১ হতে ২০ নম্বর বেতন গ্রেডের জনবল নিয়োগের জন্য প্রকল্প পরিচালকের নিকট সুনির্দিষ্ট সুপারিশ পেশ করার লক্ষ্যে ২ নম্বর নিয়োগ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

| ক্রম | কমিটি | মন্তব্য |
|---|---|---|
| ১. | অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বীজ প্রত্যয়ন এজেন্সী | সভাপতি |
| ২. | প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | উপপরিচালক (প্রশাসন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৪. | উপপরিচালক (পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | সদস্য |
| ৫. | সহকারী প্রকল্প পরিচালক, বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্প, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | সদস্য-সচিব |

৩। প্রকল্পের ডিপিপি/টিপিপিতে কারিগরি প্রকৃতির কোনো পদ অন্তর্ভুক্ত থাকলে ঐ সকল পদে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে উভয়

কমিটিতে প্রয়োজনে কারিগরি জ্ঞানসম্পন্ন কর্মকর্তা কো-অপ্ট করা যাবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং ইতোপূর্বে গঠিত এ সংক্রান্ত নিয়োগ/বাছাই কমিটি বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাজিয়া জামান**
সিনিয়র সহকারী সচিব।

---

## গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

### প্রশাসন শাখা-৫

### প্রজ্ঞাপন

তারিখ: ১৭ চৈত্র ১৪২৫/৩১ মার্চ ২০১৯

**নং ২৫.০০.০০০০.০১৮.২৭.০০৮.১৭-৭৬**—যেহেতু, জনাব এ কে এম জিল্লুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), রাজশাহী গণপূর্ত সার্কেল, সাবেক নির্বাহী প্রকৌশলী, সিলেট গণপূর্ত জোনে কর্মরত অবস্থায় সুনামগঞ্জ ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল ও হাসপাতাল সংলগ্ন বিভিন্ন কোয়ার্টার্স এর অভ্যন্তরীণ মেরামত ও সংস্কার কাজের জন্য ৫,৭৭,৬৬,০০০ (পাঁচ কোটি সাতাত্তর লক্ষ ছেষট্টি হাজার) টাকার ১৭টি দরপত্র যাচাই বাছাই ছাড়াই প্রশাসনিক অনুমোদনের জন্য সিলেট গণপূর্ত জোন এর অতিরিক্ত প্রধান প্রকৌশলী-কে সহযোগিতার অভিযোগ উত্থাপিত হয়। আনীত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা , ২০১৮ বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে অভিযুক্ত হওয়ায় তাঁর বিরুদ্ধে ০৭/২০১৭ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৯-১১-২০১৭ খ্রি. তারিখ কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদান করেন। তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করা হয;

সেহেতু, জনাব এ কে এম জিল্লুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত সার্কেল এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা , ২০১৮ বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে রুজুকৃত ০৭/২০১৭ নম্বর বিভাগীয় মামলায় "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে উক্ত বিভাগীয় মামলা হতে এতদ্বারা অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

### পর্যটন-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১৯ চৈত্র ১৪২৫/০২ এপ্রিল ২০১৯

**নং ৩০.০০.০০০০.০১৬.২২.০০২.১৮-১৩২**—সরকার এই মর্মে সন্তুষ্ট হইয়াছে যে, অপরিকল্পিত স্থাপনা নির্মাণ বা অন্য কোনোরূপ কার্যক্রম গ্রহণের কারণে নিম্নলিখিত এলাকাসমূহের পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশ ব্যাহত হইতেছে বা ভবিষ্যতে আরও ব্যাহত হইবার আশংকা রহিয়াছে। এমতাবস্থায়, বাংলাদেশের পর্যটন শিল্প ও সেবা খাতের পরিকল্পনা, উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে এবং পর্যটন সম্ভাবনাময় এলাকায় অপরিকল্পিত স্থাপনা নির্মাণ বা অন্য কোনোরূপ কার্যক্রম নিয়ন্ত্রণকল্পে বাংলাদেশ পর্যটন সংরক্ষিত এলাকা ও বিশেষ পর্যটন অঞ্চল আইন, ২০১০ এর (৪) ধারার ক্ষমতাবলে এতদ্বারা নিম্নবর্ণিত এলাকাসমূহ পর্যটন সংরক্ষিত এলাকা হিসেবে ঘোষণা করা হইল :

**জেলা : কক্সবাজার**
**উপজেলা : কক্সবাজার সদর**

| পর্যটন সংরক্ষিত এলাকার নাম | এলাকা/ মৌজা | তফসিল (খতিয়ান নং, দাগ নং) | জমির পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কক্সবাজার মেরিন ড্রাইভের পূর্ব পাশের এলাকা (ব্যক্তি মালিকানাধীন জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-৬৫১ দাগ নং-২০১২১ | ০.৮৭ একর |
| | | খতিয়ান নং-৩১ দাগ নং-২০১২৫ | ০.৯৪ একর |
| | | খতিয়ান নং-১৭১১ দাগ নং-২০১৭০ | ০.৩৯ একর |
| | | খতিয়ান নং-৯ দাগ নং-২০১৭৮ | ০.৪২ একর |
| | | খতিয়ান নং-১৭৪৯ দাগ নং-২০২৪২ | ০.১৮ একর |
| | | খতিয়ান নং-১৭৪৯ দাগ নং-২০২৪৩ | ০.১৩ একর |
| | | খতিয়ান নং-১৭৫০ দাগ নং-২০২৪৯ | ০.৩১ একর |
| | | খতিয়ান নং-ছুট দাগ নং-২২১২১ | ০.০০ একর |
| | | খতিয়ান নং-১১৯৩ দাগ নং-২২২৪১ | ০.১২৩৭ একর |
| | | খতিয়ান নং-১১৯৫ দাগ নং-২২২৪৪ | ০.১৩০৮ একর |
| | | খতিয়ান নং-৬২৫ দাগ নং-২২৩৫৫ | ০.৫৬ একর |
| | | খতিয়ান নং-৬২৫ দাগ নং-২২৩৫৬ | ০.২৯ একর |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| কক্সবাজার মেরিন ড্রাইভের পূর্ব পাশের এলাকা (ব্যক্তি মালিকানাধীন জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-৮৭৭ দাগ নং-২২৩৫৭ | ০.৪৮ একর |
| | | খতিয়ান নং-২৪৭ দাগ নং-২২৩৬৭ | ১.৬১ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৬৮ | ১.৭০ একর |
| | | খতিয়ান নং-১৩৪২ দাগ নং-২২৩৮৫ | ০.৩০ একর |
| কক্সবাজার সদর উপজেলার মেরিন ড্রাইভের পূর্ব পাশের এলাকার ব্যক্তি মালিকানাধীন মোট জমির পরিমাণ = ৮.৪৩৪৫ একর | | | |

**জেলা : কক্সবাজার**
**উপজেলা : কক্সবাজার সদর**

| পর্যটন সংরক্ষিত এলাকার নাম | এলাকা/ মৌজা | তফসিল (খতিয়ান নং, দাগ নং) | জমির পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কক্সবাজার মেরিন ড্রাইভের পূর্ব পাশের এলাকা (১নং খাস খতিয়ানের জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-১ দাগ নং-২০০৩৯ | ০.৪৭ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৪২ | ২.৫৯ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৪৩ | ০.৫১ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৬৬ | ০.১৪ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৭০ | ০.২৯ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৭১ | ০.৫৩ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৮৯ | ০.১৩ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯০ | ০.১৩ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯১ | ০.১০ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯২ | ০.১৬ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৩ | ০.৩২ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৫ | ০.২৬ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৬ | ০.৩৪ একর |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| কক্সবাজার মেরিন ড্রাইভের পূর্ব পাশের এলাকা (১নং খাস খতিয়ানের জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-১ দাগ নং-২০১৭৬ | ০.৩০ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০১৭৯ | ০.১৮ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০১৮১ | ০.৪৬ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০১৯৭ | ০.১৭ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০২২১ | ০.৩৪ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৩ | ০.০২৬৫ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৪ | ০.৪৩ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৫ | ০.০৪৫৯ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৬ | ০.১২৩৯ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৭ | ০.০৪৫৯ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৮ | ০.০৩৮৮ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৯ | ০.০৪৬৮ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০২০ | ০.০৫১৪ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০৩০ | ১.৩০ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০৩২ | ০.১৪ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০৩৩ | ০.১৯ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২২৫৯ | ০.৬৬ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৬৯ | ০.৬১ একর |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৬৭ | ১.৬৪ একর |
| কক্সবাজার সদর উপজেলার মেরিন ড্রাইভের পূর্ব পাশের এলাকার ১ নং খাস খতিয়ানের মোট জমির পরিমাণ = ১২.৭৬৯২ একর | | | |

**জেলা : কক্সবাজার**

**উপজেলা : কক্সবাজার সদর**

| পর্যটন সংরক্ষিত এলাকার নাম | এলাকা/ মৌজা | তফসিল (খতিয়ান নং, দাগ নং) | জমির পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কক্সবাজার মেরিন ড্রাইভের পশ্চিম পাশের এলাকা (ব্যক্তি মালিকানাধীন জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-১৫২৩ দাগ নং-২২২৩৩ | ০.৬৭ একর |
| | | খতিয়ান নং-১০০২ দাগ নং-২২২৩৪ | ১.০৩ একর |
| | | খতিয়ান নং-১০০১ দাগ নং-২২২৩৫ | ০.৩২ একর |
| | | খতিয়ান নং-১০০৩ দাগ নং-২২২৩৬ | ০.৭০ একর |
| | | খতিয়ান নং-১৫২২ দাগ নং-২২২৩৭ | ০.২৮ একর |
| | | খতিয়ান নং-১৫২২ দাগ নং-২২২৩৮ | ০.২৬ একর |
| | | খতিয়ান নং-১৫২৩ দাগ নং-২২২৩৯ | ০.৮৫ একর |
| | | খতিয়ান নং-১৮৩২ দাগ নং-২২২৪০ | ০.৭০ একর |
| | | খতিয়ান নং-১১৯৩ দাগ নং-২২২৪১ | ০.৩৬৬৩ একর |
| | | খতিয়ান নং-১১৯৫ দাগ নং-২২২৪৪ | ০.৬০৯২ একর |
| | | খতিয়ান নং-৬৬৫ দাগ নং-২২৩৩৬ | ০.১৯ একর |
| | | খতিয়ান নং-৬৬৫ দাগ নং-২২৩৩৭ | ০.১৮ একর |
| | | খতিয়ান নং-১১৯৩ দাগ নং-২২৩৩৮ | ০.১১ একর |
| | | খতিয়ান নং-১১৯৫ দাগ নং-২২৩৩৯ | ০.০৮ একর |
| | | খতিয়ান নং-৬৬৫ দাগ নং-২২৩৪০ | ০.৪৩ একর |
| | | খতিয়ান নং-৬৬৫ দাগ নং-২২৩৪১ | ০.০৭ একর |
| | | খতিয়ান নং-১৮৩৩ দাগ নং-২২৩৪২ | ০.০৯ একর |
| | | খতিয়ান নং-৮৮৭ দাগ নং-২২৩৪৩ | ০.১০ একর |
| | | খতিয়ান নং-১৬১৭ দাগ নং-২২৩৪৪ | ০.১০ একর |
| | | খতিয়ান নং-১১৯০ দাগ নং-২২৩৪৫ | ০.১৬ একর |
| | | খতিয়ান নং-১০৩৯ দাগ নং-২২৩৪৬ | ০.০৯ একর |
| ১ | ২ | ৩ | ৪ |
| কক্সবাজার মেরিন ড্রাইভের পশ্চিম পাশের এলাকা (ব্যক্তি মালিকানাধীন জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-১১৯৩ দাগ নং-২২৩৪৭ | ০.১৪ একর |
| | | খতিয়ান নং-২৪২ দাগ নং-২২৩৪৮ | ০.১৭ একর |
| | | খতিয়ান নং-ছুট দাগ নং-২২৩৪৯ | ছুট |
| | | খতিয়ান নং-২৭৩ দাগ নং-২২৩৫০ | ১.৮৮ একর |
| | | খতিয়ান নং-১৫২৪ দাগ নং-২২৩৫৩ | ০.১৭ একর |
| | | খতিয়ান নং-১৫২৪ দাগ নং-২২৩৫৪ | ৪.২৮ একর |
| | | খতিয়ান নং-১০৩৯ দাগ নং-২২৩৬০ | ০.১৩ একর |
| | | খতিয়ান নং-২৪৭ দাগ নং-২২৩৬১ | ১.১৯ একর |
| | | খতিয়ান নং-২৪৭ দাগ নং-২২৩৬২ | ০.২১ একর |
| | | খতিয়ান নং-২৪৭ দাগ নং-২২৩৬৩ | ১.০৯ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৭২ | ২.৯৮ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৭৩ | ০.৫৯ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৭৪ | ০.২৬ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৭৫ | ০.৩৪ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৭৬ | ০.৯২ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৭৭ | ০.৬১ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৭৮ | ০.১৫ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৭৯ | ০.৩২ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৮০ | ০.১৫ একর |
| | | খতিয়ান নং-২৪৬ দাগ নং-২২৩৮১ | ০.১৯ একর |
| | | খতিয়ান নং-২৬৭ দাগ নং-২২৩৮৩ | ১.৮৫ একর |
| | | খতিয়ান নং-১৭৫৮ দাগ নং-২২৩৮৪ | ০.২১ একর |
| | | খতিয়ান নং-১৬১৬ দাগ নং-২২৩৮৬ | ০.৩৯ একর |
| | | খতিয়ান নং-১০৪০ দাগ নং-২০০৬৬ | ১.১২ একর |
| কক্সবাজার সদর উপজেলার মেরিন ড্রাইভের পশ্চিম পাশের এলাকার ব্যক্তি মালিকানাধীন মোট জমির পরিমাণ = ২৬.৭২৫৫ একর | | | |

**জেলা : কক্সবাজার**
**উপজেলা : কক্সবাজার সদর**

| পর্যটন সংরক্ষিত এলাকার নাম | এলাকা/ মৌজা | তফসিল (খতিয়ান নং, দাগ নং) | জমির পরিমাণ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কক্সবাজার মেরিন ড্রাইভের পশ্চিম পাশের এলাকা (১নং খাস খতিয়ানের জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-১ দাগ নং-২০০৬৯ | ০.১৮ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৩ | ০.৩২ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৪ | ০.১৬ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৫ | ০.২৬ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৬ | ০.৩৪ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০১ | ৫৮.৩০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০২ | ০.০৫০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০৩ | ০.১০০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০৪ | ০.১০০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০৫ | ০.১০০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০৬ | ০.০৯০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০৭ | ০.০৭০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০৮ | ০.১০০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০০৯ | ০.২৬০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১০ | ০.৫৯০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১১ | ০.৩৩০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১২ | ০.৬৪০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৩ | ০.৫৯৩৫ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৪ | ০.৩৭১৫ |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| কক্সবাজার মেরিন ড্রাইভের পশ্চিম পাশের এলাকা (১নং খাস খতিয়ানের জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৫ | ০.১৫৪১ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৬ | ০.৪৫৬১ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৭ | ০.২৫৪১ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৮ | ০.১৯১২ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০১৯ | ০.২৪৩২ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২০২০ | ০.১৮৮৬ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২২৩৮ | ০.০৯ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২২৫৯ | ০.৫৬৫০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২২৬০ | ০.৪০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৫১ | ০.৮২০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৫২ | ০.৯৫০০ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৬৫ | ০.১২ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৬৬ | ০.৫২ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৭০ | ০.৬১ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৭১ | ০.৪৭ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৬৫ | ০.১২ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৮২ | ১২.৭২ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৮৭ | ০.২৮ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২২৩৮৮ | ০.৫৮ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৬৯ | ০.১৮ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৩ | ০.৩২ |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| কক্সবাজার মেরিন ড্রাইভের পশ্চিম পাশের এলাকা (১নং খাস খতিয়ানের জমি) | মৌজা: ঝিলংজা | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৪ | ০.১৬ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৫ | ০.২৬ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০০৯৬ | ০.৩৪ |
| | | খতিয়ান নং-১ দাগ নং-২০১১৯ | ০.২৭ |
| কক্সবাজার সদর উপজেলার মেরিন ড্রাইভের পশ্চিম পাশের এলাকার ১ নং খাস খতিয়ানের মোট জমির পরিমাণ = ৮৪.২১৭৩ একর | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাদিরা হায়দার**
উপসচিব।

---

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

## মজুরী বোর্ড শাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৩ চৈত্র ১৪২৫/২৭ মার্চ ২০১৯

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০০১.১৭.২৪**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে "British American Tobacco Bangladesh Company Ltd"-কে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৪, ১০৫ ও ১১৪ (১) এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে ২৫ মার্চ ২০১৯ হইতে ২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলি :**

১। কোনো শ্রমিক দ্বারা সপ্তাহে ৬০ (ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাইবে না;

২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ১(এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৫.১৭.২৬**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৩২৪ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে ০১ মার্চ ২০১৯ হইতে ৬(ছয়) মাসের জন্য WALTON GROUP এর ৩(তিন)টি অঙ্গ প্রতিষ্ঠান যথা (১) ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ লিঃ, (২) ওয়ালটন মাইক্রো-টেক কর্পোরেশন এবং (৩) ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড-কে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলি :**

১। কোনো শ্রমিক দ্বারা সপ্তাহে ৬০ (ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাইবে না;

২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ১(এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০০২.১৯.২৮**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৩২৪ এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে ২৭ মার্চ ২০১৯ হইতে ২৬ মে ২০১৯ তারিখ পর্যন্ত ২(দুই) মাসের জন্য কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড (KAFCO)-কে উক্ত আইনের ধারা ১০০, ১০১, ১০২ এবং ১০৩ এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলি :**

১। কোনো শ্রমিক দ্বারা সপ্তাহে ৬০ (ষাট) ঘণ্টার বেশী কাজ করানো যাইবে না;

২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ১(এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (সংশোধিত-২০১৮) ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হানিফ সিকদার**
উপসচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১১ চৈত্র ১৪২৫/২৫ মার্চ ২০১৯

**নং ৪৩.০০.০০০০.১১৬.০৬.০০৭.৯৪.(অংশ)/৬১**— বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ গঠন সংক্রান্ত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ৪৩.০০.০০০০.১১৬.০৬.০০৭.৯৪.(অংশ)/২৩৫, তারিখ : ০৩ মে ২০১৭ বাতিলপূর্বক বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এর ৫(১) উপধারা অনুসারে সরকার নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ পুনর্গঠন করল :

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | কাজী কেরামত আলী, মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ | সদস্য |
| ৩. | জনাব অসীম কুমার উকিল, মাননীয় সংসদ সদস্য, নেত্রকোণা-৩ | সদস্য |
| ৪. | বেগম সুবর্ণা মোস্তফা, মাননীয় সংসদ সদস্য, সংরক্ষিত মহিলা আসন ৩০৪ | সদস্য |
| ৫. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সহসভাপতি |
| ৬. | সচিব, অর্থ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| ৭. | সচিব, তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| ৮. | সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার) | সদস্য |
| ৯. | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ১০. | মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা | সদস্য |
| ১১. | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা | সদস্য |
| ১২. | মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় যাদুঘর, ঢাকা | সদস্য |
| ১৩. | মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা | সদস্য |
| ১৪. | ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ১৫. | প্রফেসর কৃষ্টি হেফাজ, অধ্যক্ষ, সঙ্গীত মহাবিদ্যালয়, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ১৬. | উপসচিব (অধিশাখা-৭), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১৭. | জনাব মোঃ মনজুরুল আহসান বুলবুল, বিশিষ্ট, সাংবাদিক | সদস্য |
| ১৮. | জনাব খায়রুল আনাম শাকিল, সঙ্গীত ব্যক্তিত্ব, সহসভাপতি, ছায়ানট, ঢাকা | সদস্য |
| ১৯. | বেগম মিনু হক, সভাপতি, নৃত্যশিল্পী, সংস্থা, ঢাকা | সদস্য |
| ২০. | জনাব রামেন্দু মজুমদার, বিশিষ্ট ব্যক্তিত্ব এবং সম্মানিত সভাপতি, ইন্টারন্যাশনাল থিয়েটার ইন্সটিটিউট | সদস্য |
| ২১. | জনাব আমীর আহাম্মদ চৌধুরী, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা বিভাগ | সদস্য |
| ২২. | জনাব আহমেদ ইকবাল হায়দার, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, চট্টগ্রাম বিভাগ | সদস্য |
| ২৩. | অধ্যাপক মলয় ভৌমিক, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রাজশাহী বিভাগ | সদস্য |
| ২৪. | অধ্যাপক মোঃ বজলুল করিম, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, খুলনা বিভাগ | সদস্য |
| ২৫. | সৈয়দ দুলাল, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, বরিশাল বিভাগ | সদস্য |
| ২৬. | জনাব আকরামুল ইসলাম, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সিলেট বিভাগ | সদস্য |
| ২৭. | জনাব বিপ্লব প্রসাদ, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রংপুর বিভাগ | সদস্য |
| ২৮. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা | সদস্য-সচিব |

২। বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এর ৫(২) উপধারা অনুসারে পরিষদের মনোনীত সদস্যগণ, তাঁদের মনোনয়নের তারিখ থেকে ৩ (তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, একজন মনোনীত সদস্য যে কোন সময় সভাপতিকে উদ্দেশ্য করে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন।

৩। গঠিত পরিষদ পুনর্গঠন/বাতিলের ক্ষমতা সরকার বিধি মোতাবেক সংরক্ষণ করে।

৪। বাংলাদেশ শিল্পকলা একাডেমি আইন, ১৯৮৯ এর ১২(১) উপধারা অনুসারে পরিষদ প্রতি ৩ (তিন) মাসের একবার সভায় মিলিত হবে এবং সভার তারিখ, সময় ও স্থান সভাপতি কর্তৃক নির্ধারণ করা হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৮ চৈত্র ১৪২৫/০১ এপ্রিল ২০১৯

**নং ৪৩.০০.০০০০.১১৬.২২.০২৮.১৭.৬৬**—'পুতুলনাট্যশিল্প উন্নয়ন নীতিমালা ২০১৮' এর ধারা ০৪ অনুযায়ী আগামী ৩ (তিন) বছরের জন্য সরকার নিম্নবর্ণিত কর্মকর্তা/সাংস্কৃতিক ব্যক্তিত্বদের সমন্বয়ে 'পুতুলনাট্যশিল্প উন্নয়ন কমিটি' গঠন করল :

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | সভাপতি |
| ২. | অর্থ বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব বা তদুর্ধ্ব কর্মকর্তা) | সদস্য |
| ৩. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব বা তদুর্ধ্ব কর্মকর্তা) | সদস্য |
| ৪. | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব বা তদুর্ধ্ব কর্মকর্তা) | সদস্য |
| ৫. | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব বা তদুর্ধ্ব কর্মকর্তা) | সদস্য |

| | | |
|---|---|---|
| ৬. | তথ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব বা তদুর্ধ্ব কর্মকর্তা) | সদস্য |
| ৭. | সুরক্ষা সেবা বিভাগের একজন প্রতিনিধি (উপসচিব বা তদুর্ধ্ব কর্মকর্তা) | সদস্য |
| ৮. | উপসচিব (অধিশাখা-৭), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | সৈয়দ জামিল আহমেদ, অধ্যাপক, থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১০. | অধ্যাপক, নিসার হোসেন, ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১১. | ড. আফসার আহমেদ, অধ্যাপক, নাটক ও নাট্যতত্ব বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১২. | ড. রশীদ হারুন, অধ্যাপক, নাটক ও নাট্যতত্ব বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৩. | শিল্পী মুস্তাফা মনোয়ার, বিশিষ্ট পুতুলনাট্য গবেষক | সদস্য |
| ১৪. | জনাব এস এম মহসীন, বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব | সদস্য |
| ১৫. | শিল্পী সাইদুল হক জুইস, বিশিষ্ট চারুশিল্পী | সদস্য |
| ১৬. | জনাব মনি দত্ত অধিকারী, স্বত্তাধিকারী, সমন্বয় পুতুলনাচ, দিনাজপুর | সদস্য |
| ১৭. | পরিচালক, নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি | সদস্য-সচিব |

**কমিটির কর্মপরিধি :**

(ক) এ কমিটি 'পুতুল নাট্যশিল্প উন্নয়ন কমিটি' নামে অভিহিত হবে;

(খ) কমিটির মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য বলবৎ থাকবে।

(গ) কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহের ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে কমিটির মেয়াদ শেষ হবার পূর্বেই পুনরায় প্রজ্ঞাপন জারির মাধ্যমে কমিটির মেয়াদকাল বৃদ্ধিকরণ কিংবা নতুন কমিটি গঠন করা হবে;

(ঘ) কমিটি বছরে কম পক্ষে তিনি বার সভায় মিলিত হবে;

(ঙ) 'পুতুলনাট্যশিল্প উন্নয়ন নীতিমালা-২০১৮' এর অনুচ্ছেদ ২-এ বর্ণিত বিষয়গুলো পর্যায়ক্রমে বাস্তবায়নের লক্ষ্যে কমিটি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।

২। এ আদেশ ০১ এপ্রিল ২০১৯ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি এম রফিকুল ইসলাম**
উপসচিব (অধিশাখা-৭)।

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## শাখা-৩
## প্রজ্ঞাপন

তারিখ : ১৭ চৈত্র ১৪২৫ বঃ/৩১ মার্চ ২০১৯ খ্রিঃ

**নং ৪৩.০০.০০০০.১১৫.২৪.০৩৩.১২-১০২**—জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সংগীতের প্রণীত ও প্রকাশিতব্য স্বরলিপি প্রমাণীকরণ এবং শুদ্ধতা যাচাইয়ের জন্য নিম্নবর্ণিত বিশেষজ্ঞদের সমন্বয়ে 'নজরুল সংগীত স্বরলিপি প্রমাণীকরণ পরিষদ' পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| (১) | বেগম সেলিনা হোসেন | সভাপতি |
| (২) | জনাব খালিদ হোসেন | সদস্য |
| (৩) | জনাব খায়রুল আনাম শাকিল | সদস্য |
| (৪) | জনাব সালাউদ্দিন আহমেদ | সদস্য |
| (৫) | জনাব মোঃ ইদ্‌রিস আলী | সদস্য |
| (৬) | জনাব মইদুল ইসলাম | সদস্য |
| (৭) | নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট | সদস্য-সচিব |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**সায়মা ইউনুস**
যুগ্মসচিব।

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
## প্রশাসন অধিশাখা-০২
## আদেশ

তারিখ : ১৯ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/০২ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৪৭.০০.০০০০.০৩২.০২৭.০৫.১৮-১৬৪**—যেহেতু, জনাব মোঃ আবুল হোসেন, অধ্যাপক (উপ-নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা বিগত ০৮-০২-২০১৭ খ্রি. তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভিযুক্ত করতঃ বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছেন;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক জনাব মোঃ আবুল হোসেন, অধ্যাপক (উপ-নিবন্ধক), বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৮-০২-২০১৭ খ্রি. থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামাল উদ্দিন তালুকদার**
সচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## জেলা পরিষদ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১০ চৈত্র ১৪২৫/২৪ মার্চ ২০১৯

**নং ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০১.১৯-৪৪২**—জেলা পরিষদ আইন, ২০০০ এর ৯(১) ধারা অনুযায়ী ময়মনসিংহ জেলা পরিষদের ২ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ আসাদুজ্জামান আকন্দ সাগর এর পদত্যাগ পত্রটি সংশ্লিষ্ট জেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক গৃহীত হওয়ায় উক্ত আইনের ১১(২) ধারা অনুযায়ী সরকার ৩-৩-২০১৯ তারিখ হতে ময়মনসিংহ জেলা পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. জুলিয়া মঈন**
উপসচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ শাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখ : ২৭ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১০ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.৪৯.৩৬.০০৯.১৪(অংশ-১)-১০৬**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারার (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| ১ | বারান্দি | ৯১ | যশোর সদর | যশোর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পৌর-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৭ জানুয়ারি ২০১৯

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০৩.১৬-৩১**—হবিগঞ্জ পৌরসভার মেয়র আলহাজ্ব জি, কে গউছ স্বীয় পদ হতে গত ২৮-১১-২০১৮ তারিখে পদত্যাগ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩৩(১)(গ) ধারা মোতাবেক সরকার উক্ত মেয়র এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।